

সিকিম প্রবেশে পর্যটকদের লাগবে এন্ট্রি ফি

- A Monitor Desk Report

Date: 16 March, 2025



সিকিম : ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্য সিকিম সারা বছরই পর্যটকদের কাছে জনপ্রিয় গন্তব্য। সপ্তাহান্তে ৩-৪দিনের ছুটি হোক বা লম্বা ছুটি, সিকিমের নানা প্রান্তে ঘুরতে যান পর্যটকরা। তবে এবার আর বিনামূল্যে প্রবেশ যাবে না সিকিমে। দিতে হবে এন্ট্রি ফি।

সিকিমে প্রবেশ করতে গেলে এখন থেকে পর্যটকদের দিতে হবে ৫০ রুপি। এমনই ঘোষণা দিয়েছে রাজ্যটির সরকার। চলতি মার্চ মাস থেকেই এই নিয়ম কার্যকর করা হয়েছে।

রবিবার (১৬ মার্চ) এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে ভারতীয় সংবাদমাধ্যম।

সংবাদমাধ্যম বলছে, সিকিম রেজিস্ট্রেশন অব টুরিস্ট ট্রেড রুলসের অধীনে এবার থেকে রাজ্যটিতে প্রবেশের জন্য পর্যটকদের মাথাপিছু ৫০ রুপি করে এন্ট্রি ফি দিতে হবে। মূলত পরিবেশ রক্ষা করতেই এই ফি নেওয়া হবে। হোটেলে যখন পর্যটকরা চেক-ইন করবেন, তখনই তাদের থেকে এই এন্ট্রি ফি নেওয়া হবে।

মূলত হোটেল কর্তৃপক্ষ সেই অর্থ রাজ্যের পর্যটন দপ্তরে জমা করবেন। প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, পর্যটকদের দেওয়া সেই অর্থ সিকিমে পর্যটনের পরিকাঠামো এবং পরিষেবা উন্নয়নে ব্যবহার করা হবে।

নিয়ম অনুযায়ী, সকল পর্যটকদেরই এই ফি দিতে হবে। তবে ৫ বছরের কম বয়সী শিশুদের কোনও এন্ট্রি ফি লাগবে না। এছাড়া যারা সরকারি কাজে যাবেন, তাদেরও এন্ট্রি ফি দিতে হবে না।

একবার এন্ট্রি ফি দিয়ে ৩০ দিন পর্যন্ত রাজ্যটিতে অবস্থান করা যাবে। তবে যদি কোনও পর্যটক এক মাসে দু'বার যান, অর্থাৎ একবার ঘুরে এসে ফের সিকিমে যান, সেক্ষেত্রে তাকে আবারও এন্ট্রি ফি দিতে হবে।

সিকিম প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, এই ৫০ রুপি সিকিম রাজ্যের পর্যটন পরিকাঠামো উন্নয়ন, জনগণকে দেওয়া পরিষেবা উন্নত করার খাতেই ব্যয় করা হবে। মূলত যে হারে পর্যটকের সংখ্যা বাড়ছে, তাতে পরিবেশ রক্ষা করা খুবই জরুরি।

স্থানীয় সংস্কৃতি এবং পরিবেশ নষ্ট না করেই যাতে পর্যটকদের আতিথেয়তা দেওয়া যায়, তার জন্য এই এন্ট্রি ফি নেওয়া হবে। চলতি মার্চ মাস থেকেই এই ফি চালু হয়েছে।

-B